গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর
সংস্থাপন শাখা
www.rangpur.gov.bd

নম্বর: ০৫.৫৫.৮৫০০.০০০.০০৮.০৬.০০০১.২৫. ৯৩৮

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪৩৩ / ২৩ নভেম্বর ২০২৬

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিভাগীয় নির্বাচনী বোর্ড, রংপুরের ১১/১১/২০২৬খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী জেলা প্রশাসকের কার্যালয়, রংপুরের সাধারণ প্রশাসনের অধীনস্থ অফিসসমূহের ১৩তম ও ১৬তম গ্রেডের ০২ ক্যাটাগরির ০৪টি শূন্যপদে জনবল নিয়োগের নিমিত্ত এ কার্যালয়ের ২৯/০৬/২০২৬ খ্রি. তারিখের ০৫.৫৫.৮৫০০.০০০.০০৮.০৬. ০০০১.২৫.৪৭২ নম্বর স্মারকে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে প্রাপ্ত আবেদনসমূহের মধ্যে বৈধ প্রার্থীগণের লিখিত পরীক্ষা আগামী ০৪/১২/২০২৬ খ্রি. তারিখ শুক্রবার সকাল ১০:০০ টায় রংপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, রংপুর কেন্দ্রে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষার প্রবেশপত্র ইতোমধ্যে টেলিটক হতে এসএমএস এর মাধ্যমে বৈধ আবেদনকারীদের নিকট প্রেরণ কার্যক্রম শুরু হয়েছে। আরও উল্লেখ্য, লিখিত পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন শেষে লিখিত পরীক্ষার ফলাফল এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক/মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় জেলা প্রশাসকের কার্যালয়, রংপুরের ওয়েবসাইট www.rangpur.gov.bd এর মাধ্যমে প্রকাশ করা হবে।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট প্রার্থীগণকে মূল প্রবেশপত্রসহ পরীক্ষা শুরুর অন্তত: ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হলো। উল্লেখ্য যে, পরীক্ষার কক্ষে মোবাইল ফোন, ঘড়ি, ইলেক্ট্রনিক ডিভাইস, বই-পুস্তক, ক্যালকুলেটর, ব্যাগ ইত্যাদি আনা যাবে না।

স্বাক্ষরিত
ইসরাত জাহান
জেলা প্রশাসক
রংপুর
ফোন: ০২৫৮৯৯-৬১০৪১ (অফিস)
ই-মেইল: dcrangpur@mopa.gov.bd

নম্বর: ০৫.৫৫.৮৫০০.০০০.০০৮.০৬.০০০১.২৫.৯৩৮(০৫)

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪৩৩ / ২৩ নভেম্বর ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কাযার্থে প্রেরণ করা হলো:

০১। উপজেলা নির্বাহী অফিসার .....(সকল), রংপুর।
০২। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব। (বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৩। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর। (ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
০৪। অধ্যক্ষ, রংপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, রংপুর। (প্রতিষ্ঠানের প্রধান ফটকের প্রকাশ্য স্থানে নোটিশ আকারে প্রচারের জন্য)।

২৩/১১/২৬

ইসরাত জাহান
জেলা প্রশাসক, রংপুর।